

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدِ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

শহীদগণের মুসলা (অর্থাৎ নাক, কান ইত্যাদি কর্তন) (وَتَشُويْهُ الشُّهَدَاءِ):

এটা ছিল রাস্লুল্লাহ (ﷺ) এর বিরুদ্ধে শেষ আক্রমণ। যেহেতু মুশরিকদের রাস্লুল্লাহ (ﷺ) এর পরিণাম সম্পর্কে সঠিক অবগতি ছিল না, বরং তাঁর শাহাদত সম্পর্কে তাদের প্রায় দৃঢ় বিশ্বাস জন্মে ছিল, সেহেতু তারা তাদের শিবিরের দিকে ফিরে গিয়ে মক্কা ফিরে যাবার প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে। মুশরিকদের কিছু সংখ্যক নারী-পুরুষ মুসলিম শহীদের মুসলায় (নাক, কান ইত্যাদি কাটায়) লিপ্ত হয়ে পড়ে। হিন্দ বিনতু 'উতবাহ হামযাহ (রাঃ)-এর কলিজা ফেড়ে দেয় এবং তা মুখে নিয়ে চিবাতে থাকে। সে ওটা গিলে নেয়ার ইচ্ছা করে। কিন্তু গিলতে না পেরে থুথু করে ফেলে দেয়। সে কাটা কান ও নাকের তোড়া ও হার বানিয়ে নেয়।[1]

ফুটনোট

[1] ইবনু হিশাম, ২য় খন্ড, ৯০ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6267

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন